

মাদার তেরেসা

সন্জীবা খাতুন



তারিখ: ০৭/০৫/২০

দিন: বৃহস্পতিবার

লেকচার সীট-১

শ্রেণি: ৬ষ্ঠ

বিষয় : বাংলা (চারপাঠ)

আজকের পাঠ: মাদার তেরেসা

শিক্ষকের নাম: কাজী শামসাদ শিখা

জন্ম: আলবেনিয়ার ক্ষপিয়েতে ১৯১০ খ্রি: ২৬শে আগস্ট।

পিতা: নিকোলাস বোজাবিউ

মাতা: দ্রানাফিল বার্নাই




মাদার তেরেসা ছিলেন একজন অসাধারণ মানবদরদি যিনি মানুষের
সেবাতে প্রাণমন চেলে দিয়ে ভালবাসা দিয়ে জয় করেছেন দুনিয়া।


তাঁর পারিবারিক নাম ছিল অ্যাগনেস গোনজা বোজাবিউ।



১৯১৪ - ১৯১৮ সাল পর্যন্ত প্রথম বিশ্বযুদ্ধে অসংখ্য মানুষের মৃত্যু দেখে তাঁর ইচ্ছা জাগে মানব সেবাত্মতের।



১৮ বছর বয়সে তিনি 'লরেটো সিস্টাস' খ্রিষ্টান মিশনারি দলে যোগ দিয়ে ৩ বছর নান প্রশিক্ষণ নেন।



কলকাতার সেন্ট মেরি'জ স্কুলে ১৭ বছর শিক্ষকতা করেন।
অবশেষে ১৯৪৮সালে লরেটো থেকে বিদায় নিয়ে সম্পূর্ণ ভাবে মানব সেবায় নিয়োজিত হন।

কলকাতার নোংরা বস্তিতে তিনি প্রথম স্কুল খুললেন।

আস্তে আস্তে তিনি গড়ে তুললেন মানব সেবার সংঘ ‘মিশনারিজ অব চ্যারিটি’।

মৃত্যুমুখী অসহায় মানুষের জন্য তিনি ১৯৫২ সালে কালিঘাটে ‘নির্মল হন্দয়’ প্রতিষ্ঠা করেন।

অনাথ শিশু যারা রাস্তায় পড়ে থাকতো তাদের আশ্রয়ের জন্য তিনি প্রতিষ্ঠা করেন ‘শিশু ভবন’।

তিনি শারীরিক ও মানসিক প্রতিবন্ধী শিশুদের জন্য প্রতিষ্ঠা করেন ‘নব জীবন আবাস’।

সমাজের সকলের কাছ থেকে অবহেলিত ও পরিত্যক্ত
কৃষ্ণরোগীদের তিনি নিজ হাতে সেবা দিতেন। তাদের জন্য
প্রতিষ্ঠা করলেন ‘প্রেমনিবাস’।



১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় অনেকে ভারতের শরণার্থী
শিবিরে আশ্রয় নিয়েছিল। তখন মাদার তেরেসা এই সকল
মানুষের সেবা দান করেছেন।



তিনি বাংলাদেশেও প্রতিষ্ঠা করেন ‘মিশনারিজ অব চ্যারিটি’র
‘সেবা কাজ। ১৯৯১ সালে ঘূর্ণিঝড়ে দুর্গত মানুষের সেবা
দিতে ৮১ বছর বয়সে তিনি বাংলাদেশে আসেন।

- ❖ তিনি ধর্মের তফাত না করে সকলকে সেবা দিয়েছেন।
 - ❖ তিনি সেব কাজের জন্য শ্রেষ্ঠ নোবেল পুরস্কার পান। কিন্তু নোবেল পুরস্কারের অর্থও তিনি সেবা কাজে ব্যায় করেন।
 - ❖ নোবেল পুরস্কার উপলক্ষে সুইডেনের নোবেল কমিটি কর্তৃক ভোজ সভা বাতিল করে সেই অর্থ ক্ষুধার্ত মানুষদের দেয়ার জন্য।
- ১৯৯৭ সালে ৫ই সেপ্টেম্বর এই সেবাবৃত্তী নারী মৃত্যুবরণ করেন।

মূল্যায়ন:

১. মাদার তেরেসা কোথায় জন্মগ্রহণ করেন?
২. মাদার তেরেসা কোথায় নান প্রশিক্ষণ নেন?
৩. কত সাল থেকে কত সাল পর্যন্ত প্রথম বিশ্বযুদ্ধ হয়?
৪. সেন্ট মেরিজ স্কুলে কত বছর কাজ করেন?
৫. কুষ্টরোগীদের জন্য তিনি কী প্রতিষ্ঠা করেন?

বাড়ির কাজ:

১. লেখক পরিচিতি থেকে ৫-৬টি ও গল্লের শেষ ৪ টি অনুচ্ছেদ থেকে ১৫ টি জ্ঞানমূলক প্রশ্ন তৈরি করা।

২. শব্দার্থ পড়া

৩. তোমার পরিচিত এমন মানুষ খুঁজে বের কর যারা ছোট-খাটো দান ও সেবার মধ্যদিয়ে মানুষের কল্যাণ করার চেষ্টা করে তাদের সম্পর্কে লিখ।

বাসায় থেকে নিরাপদে থাক ।
হাঁচি-কাশির শিষ্টাচার মেনে চলো ।